বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

কেন্দ্রের ২০১৭ সালের ৮ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

সভার তারিখ : ২৮ নভেম্বর ২০১৭ খ্রি.

সভার সময় : অপরাহ্ন ০৩:০০ টা

স্থান : রেক্টর কনফারেন্স হল

উপস্থিতির তালিকা : সংযুক্ত

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। অত:পর আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)কে বলা হয়। পরিচালক (প্রশাসন) বিষয়সমূহ উপস্থাপন করলে নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠও অনুমোদন	গত ৩০.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।
২	প্রবিধানমালা সংশোধন	পরিচালক (প্রশাসন) জানান, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্মচারী চাকুরি প্রবিধানমালার খসড়া প্রস্তুত করা হয়েছে। এমডিএস (আরএন্ডসি) মহোদয়ের নেতৃত্বে গঠিত এসংক্রান্ত কমিটি সভা করে খসড়া প্রবিধানমালা চূড়ান্ত করবেন।	দ্রুত সভা করে কেন্দ্রের কর্মচারী প্রবিধানমালার খসড়া প্রণয়ন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি) পরিচালক (প্রশাসন)

৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	এমডিএস (এমএন্ডপিএ) সভাকে অবহিত করেন, অর্গানোগ্রামের একটি হালনাগাদকৃত খসড়া প্রস্তুত করা হয়েছে।	প্রস্তুতকৃত খসড়া অর্গানোগ্রাম শীঘ্রই রেক্টর মহোদয় বরাবরে উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (এমএন্ডপিএ) ও পরিচালক (প্রশাসন)
৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	পরিচালক প্রশাসন জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বিদেশে অবস্থান করায় এ মাসে সভা অনুষ্ঠিত হয়নি। ডিসেম্বর ২০১৭ মাসের দ্বিতীয় সপ্তাহে সভা অনুষ্ঠিত হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধির সাথে যোগাযোগ করে ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)
৫	মূল্যায়ন নীতিমালা সংশোধন	পরিচালক (মূল্যায়ন) সভাকে অবহিত করেন যে, খসড়া মূল্যায়ন নীতিমালা প্রস্তুত করা হয়েছে। নীতিমালা আরো নিবিড়ভাবে পরীক্ষা-নিরীক্ষা করে আগামী ১ সপ্তাহের মধ্যে রেক্টর এর নিকট উপস্থাপন করা হবে।	খসড়া মূল্যায়ন নীতিমালা পরীক্ষা-নিরীক্ষা করে ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে তা অনুমোদনের জন্য রেক্টর, বিপিএটিসি এর নিকট উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (মূল্যায়ন)
৬	বকেয়া কোর্স ফিআদায়	উপ-পরিচালক (অর্থ) সভাকে অবহিত করেন, ১৯ সেপ্টেম্বর হতে ২৭ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত বকেয়া কোর্স ফি আদায় হয়েছে ৫১,০০০/- টাকা। অবশিষ্ট বকেয়া কোর্স ফি ২৪,৯৫,৫০০/- টাকা। বকেয়া আদায়ের জন্য পত্র যোগাযোগ এবং ডেস্ক অফিসারের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে। সংশ্লিষ্ট অফিসে কর্মকর্তা পাঠিয়ে বকেয়া আদায় এর ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রণালয়/বিভাগসমুহ সঠিকভাবে তাগিদ পত্র প্রেরণ, সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে ব্যক্তিগত যোগাযোগের এবং প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তরে কর্মকর্তা গিয়ে তাগিদ দিয়ে বকেয়া কোর্স ফি আদায় করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)
৭	e-filing চালকুরণ	ই-নথি কার্যক্রমে বিপিএটিসি'র অবস্থান পিছিয়ে পড়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ই-নথি কার্যক্রমে পিছিয়ে পড়ার কারণ চিহ্নিতকরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়।আরপিএটিসি, ঢাকায় ই-নথি	ক) আগত প্রতিটি ডাক ই-নথিতে উপস্থাপনপূর্বক পত্র জারির মাধ্যমে নথি নিষ্পন্ন করতে হবে; খ) কেন্দ্র এবং আঞ্চলিক কেন্দ্রসমূহে শতভাগ ই-নথি কার্যক্রম চালু করতে হবে। গ) ভিডিও কনফারেনন্সিং-এর মাধ্যমে

		কার্যক্রম অব্যাহত আছে। সভায় আরো জানানো গত ১৩ নভেম্বর ২০১৭ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কেন্দ্রের ৩০ জন কর্মচারী এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের সকল কর্মচারীদের সমন্বয়ে ই-নথি কার্যক্রম বিষয়ে ২ ঘন্টার একটি সেশন পরিচালনা করা হয়েছে। ই-নথি'র বিষয়ে আরো প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	আঞ্চলিক কেন্দ্রের কর্মচারীদের ই-নথি প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (সকল) সিস্টেমস এনালিস্ট, উপপরিচালক, (সকল আরপিএটিসি)
৮	e-GP পদ্ধতিচালকুরণ	উপ-পরিচালক (অর্থ) জানান, বিপিএটিসিতে ই-জিপির মাধ্যমে কেন্দ্রের ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে। ই-টেন্ডার এর মাধ্যমে প্রাপ্ত দরপত্রসমুহ মূল্যায়নের পর্যায়ে আছে। ই-জিপি'র মাধ্যমে আরও ক্রয় করা হবে মর্মে জানানো হয়।	ই-জিপি'র মাধ্যমে কেন্দ্রের ক্রয় কার্যক্রম বৃদ্ধি করতে হবে। বাস্তবায়নে:পরিচালক(প্রশাসন)/ উপ-পরিচালক (অর্থ)
৯	পুরনো-অকেজো মালামাল নিষ্পত্তি	আঞ্চলিক কেন্দ্রসমূহের অকেজো মালামালের তালিকা পাওয়া গেছে। অকেজো মালামাল কন্ডেমনেশন কমিটির সভা করে উক্ত মালামালসমূহ নিলামে বিক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হবে।	অকেজো মালামাল কন্ডেমনেশন কমিটির সভা দ্রুত করে আঞ্চলিক কেন্দ্রসমূহের পুরানো-অকেজো মালামাল নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। বাস্তবায়নেঃ উপ-পরিচালক, সকল আরপিএটিসি।
১০	ওয়েব-সাইট আপডেটকরণ	সিস্টেম এনালিস্ট (অঃদাঃ) সভাকে অবহিত করেন যে, কেন্দ্রের ওয়েবসাইটের বিভিন্ন লিঙ্ক এর তথ্য হালনাগাদ করা হচ্ছে। তবে সংশ্লিষ্ট শাখা হতে নিয়মিত হালনাগাদ তথ্য পাওয়া গেলে তা দ্রুত করা সম্ভব। প্রশিক্ষণার্থীদের Individual User ID ও Passwordএর মাধ্যমে ফলাফল প্রকাশের বিষয়ে কাজ করা হচ্ছে।	ক) প্রতিটি শাখা হতে সংশ্লিষ্ট হালনাগাদ তথ্য সিস্টেমস এনালিস্ট বরাবর নিয়মিত প্রেরণ করবেন। খ) ওয়েবসাইটের কোন কোন তথ্য হালনাগাদ নেই তার একটি তালিকা আগামী সভায় উপস্থাপন করবেন। ঘ) প্রশিক্ষণার্থীদের User ID এবং Passwordব্যবহার করে ফলাফল দেখার/প্রকাশের ব্যবস্থা